

# 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০২৩

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯৬. (ভুলবশত চার রাক'আতের স্থলে) পাঁচ রাক'আত সালাত আদায় করলে

باب إذا صلَّى خَمْسًا

#### আরবী

حَدَّتَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، حَدَّتَنَا اللَّيْثُ، \_ يَعْنِي ابْنَ سَعْدٍ \_ عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ، أَنَّ سَعُدٍ \_ عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ، أَنَّ سَعُويْدَ بْنَ قَيْسٍ، أَخْبَرَهُ عَنْ مُعَاوِيةَ بْنِ حُدَيْجٍ، أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صللًى يَوْمًا فَسَلَّمَ وَقَدْ بَقِيَتْ مِنَ الصَّلَاةِ رَكْعَةٌ فَأَدْرَكَهُ رَجُلٌ فَقَالَ نَسِيتَ مِنَ الصَّلَاةِ رَكْعَةٌ فَأَدْرَكَهُ رَجُلٌ فَقَالَ نَسِيتَ مِنَ الصَّلَاةِ رَكْعَةٌ فَأَدْرَكَهُ رَجُلٌ فَقَالَ نَسِيتَ مِنَ الصَّلَاةِ رَكْعَةً فَرَجْعَ فَدَخَلَ الْمَسْجِدَ وَأَمَرَ بِلَالاً فَأَقَامَ الصَّلَاةَ فَصَلَّى لِلنَّاسِ رَكْعَةً فَأَخْبَرْتُ بِذَلِكَ لَلنَّاسَ . فَقَالُوا لِي أَتَعْرِفُ الرَّجُلَ قُلْتُ لَا إِلَا أَنْ أَرَاهُ فَمَرَّ بِي فَقُلْتُ هَذَا هُوَ . فَقَالُوا هَذَا طَلْحَةُ بْنُ عُبَيْد اللهِ

\_ صحیح

#### বাংলা

১০২৩। মু'আবিয়াহ ইবনু খাদীজ (রা.) হতে বর্ণিত। একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাত আদায়কালে সালাতের এক রাক'আত বাকি থাকতেই সালাম ফিরালেন। এক ব্যক্তি তাঁর নিকট গিয়ে বললো, আপনি এক রাক'আত সালাত আদায় করতে ভুলে গেছেন। কাজেই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফিরে এসে মসজিদে প্রবেশ করে বিলাল (রাঃ)-কে ইক্নামাত(ইকামত/একামত) দিতে বলেন। বিলাল (রাঃ) ইক্নামাত(ইকামত/একামত) দিলে তিনি লোকদেরকে নিয়ে এক রাক'আত সালাত আদায় করলেন।[1]

মু'আবিয়াহ ইবনু খাদীজ বলেন, আমি এ ঘটনা লোকজনের নিকট বর্ণনা করলে তারা আমাকে বললো, আপনি কি লোকটিকে চিনেন? আমি বললাম, না, তবে তাকে দেখলে চিনতে পারবো। পরে সেই লোকটি আমার সামনে দিয়ে যাচ্ছিলেন। তখন আমি বললাম, ইনিই সেই লোক। সকলেই তাকে দেখে বললো, ইনি হচ্ছেন তালহা ইবনু 'উবায়দুল্লাহ (রাঃ)।

#### সহীহ।



## **English**

Narrated Mu'awiyah ibn Khudayj:

One day the Messenger of Allah () prayed and gave the salutation while a rak'ah of the prayer remained to be offered. A man went to him and said: You forgot to offer one rak'ah of prayer. Then he returned and entered the mosque and ordered Bilal (to utter the Iqamah). He uttered the Iqamah for prayer. He then led the people in one rak'ah of prayer. I stated it to the people. They asked me: Do you know who he was? I said: No, but I can recognise him if I see him. Then the man passed by me, I said: It is he. The people said: This is Talhah ibn Ubaydullah.

### ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায় : আযান, হাঃ ৬৬৩) কুতাইবাহ হতে লাইস সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ মু'আবিয়াহ ইবনু খাদীজ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন